

প্রেস বিজ্ঞপ্তি


মাননীয় বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রীর সাভাস্থ পরমাণু শক্তি গবেষণা প্রতিষ্ঠান (এইআরই) পরিদর্শন

সাভার, ঢাকা।

১৯ ফেব্রুয়ারি, ২০১৯;

আজ মাননীয় বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান সাভাস্থ পরমাণু শক্তি গবেষণা প্রতিষ্ঠান (এইআরই) পরিদর্শন করেন। উক্ত পরিদর্শনের সময় পরমাণু শক্তি গবেষণা প্রতিষ্ঠানের মহাপরিচালক এবং উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

পরিদর্শন শেষে মন্ত্রী বলেন, বঙ্গবন্ধু কন্যা মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার প্রতিশ্রুতি ও নির্দেশনা বাস্তবায়নের মাধ্যমে দেশের শান্তি, সমৃদ্ধি ও উন্নয়নের লক্ষ্যে নিরলসভাবে কাজ করে যেতে হবে। সেই ধারাবাহিকতায় বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের আওতায় প্রতিষ্ঠানগুলোকে বাস্তবায়নাধীন বিভিন্ন উন্নয়নমূলক কাজ দ্রুত সময়ের মধ্যে শেষ করার জন্য তিনি আহবান জানান। বর্তমান সরকার বাস্তবায়নাধীন বিভিন্ন উন্নয়নমূলক কাজের মাধ্যমে দেশের উন্নয়নে বন্ধপরিবর্তন। পরমাণু শক্তি গবেষণা প্রতিষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক উদ্বোধনকৃত ৬ (ছয়)টি আধুনিক প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে তৈরীকৃত ল্যাবসহ অন্যান্য ল্যাব সারা দিনব্যাপী পরিদর্শন করেন। পরে পরিদর্শন শেষে প্রতিষ্ঠানে কর্মরত সকল বিজ্ঞানী ও উর্ধ্বতন কর্মকর্তাদের সাথে বৈঠক মিলিত হন। বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন (বাপশক) এবং আন্তর্জাতিক পরমাণু শক্তি সংস্থার (আইএইএ) সকল সেফটি মানদণ্ড ও গাইডলাইন এবং বাংলাদেশের বিদ্যমান আইন ও বিধিমালা যথাযথভাবে অনুসরণ করেছে। পরমাণু শক্তি সংস্থাসহ আন্তর্জাতিক, স্থানীয় ও নিজস্ব জনবলের মাধ্যমে সকল কারিগরি মূল্যায়ন ও পর্যালোচনা করে বিশেষজ্ঞ মতামত ও গ্রহণ করা হয়েছে। আর সে অনুযায়ী প্রতিষ্ঠানের সকল কর্মকর্তা ও কর্মচারীদের সুষ্ঠুভাবে কাজ করে যাওয়া নির্দেশন প্রদান করেন।


(বিবেকানন্দ রায়)

সিনিয়র তথ্য অফিসার

☎ ৯৫৪ ০৩৮৭ (অঃ) / 📠 ০১৭১১-৮১৫৮৮১

E-mail: pro@most.gov.bd
royv047@gmail.com